

উচ্চতর গণিত

ঢাকা বোর্ড-২০২৪

উচ্চতর গণিত (বহুনির্বাচনি অভীক্ষা)

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

বিষয় কোড : 1 2 6

পূর্ণমান : ২৫

সময় : ২৫ মিনিট

[বিষয় দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উচ্চতরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্গসংবলিত বৃত্তসমূহ হতে সর্টিক/সর্বোৎকৃষ্ট উভয়ের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।] প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১. $\left(1 - \frac{x^2}{3}\right)^6$ এর বিস্তৃতিতে x বর্জিত পদের মান কত?

(ক) $-\frac{1}{3}$ (খ) $\frac{1}{3}$ (গ) 1 (ঘ) 6

২. $\left(y^4 - 2 + \frac{1}{y^4}\right)^4$ এর বিস্তৃতির পদ সংখ্যা কতটি?

(ক) 5 (খ) 8 (গ) 9 (ঘ) 16

৩. $f(x) = \ln \frac{8+x}{8-x}$ ফাংশনের রেঞ্জ কত?

(ক) $(-8, \infty)$ (খ) $(8, \infty)$ (গ) $(-8, 8)$ (ঘ) R

৪. $\log_{\sqrt{27}} x = \frac{1}{3}$ হলে x এর মান কত?

(ক) 32 (খ) 81 (গ) 90 (ঘ) 243


৫. $\sqrt{2x-5} + 3 = 2$ সমীকরণের সমাধান সেট কোনটি?

(ক) Ø (খ) {3} (গ) {-3} (ঘ) {±3}

৬. বিকাল 3 : 30 টায় ঘটাটার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ কত?

(ক) 75° (খ) 85° (গ) 90° (ঘ) 95°

□ নিচের চিত্রের আলোকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :



৭. $PQ = 1$ এবং $QR = \sqrt{2}$ হলে, $\sin(-\theta) + \cos(-\theta)$ এর মান কত?

(ক) $-\sqrt{2}$ (খ) 0 (গ) 1 (ঘ) $\sqrt{2}$

৮. $\frac{PR}{QR} + \frac{PQ}{QR} = \sqrt{2}$ হলে, θ এর মান কত?

(ক) $\frac{\pi}{2}$ (খ) $\frac{\pi}{3}$ (গ) $\frac{\pi}{4}$ (ঘ) $\frac{\pi}{6}$

৯. $x - 4 \leq \frac{x}{3}$ এর সমাধান সংখ্যারেখার কোনটি?



১০. $P(-3, 2)$ এবং $Q(3, -2)$ দুইটি বিন্দু হলে—

- i. PQ এর দৈর্ঘ্য $2\sqrt{13}$ একক
- ii. PQ , x অক্ষের ধনাত্মক দিকের সাথে স্থূলকোণ উৎপন্ন করে
- iii. PQ এর ঢাল $\frac{2}{3}$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. P ও Q বিন্দুর অবস্থান টেক্সের যথাক্রমে $5a - 3b$ এবং $2a - b$ হলে $\vec{PQ} =$ কত?

(ক) $3a - 2b$ (খ) $-3a + 2b$ (গ) $7a - 4b$ (ঘ) $7a + 4b$

১২. সমান উচ্চতাবিশিষ্ট একটি সিলিন্ডার ও একটি সমবৃত্তভূমিক কোণকের ভূমি সমান হলে তাদের আয়তনের অনুপাত কোনটি?

(ক) 1 : 2 (খ) 1 : 3 (গ) 2 : 1 (ঘ) 3 : 1

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

ঞ্চ	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
ঞ্চ	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	

ঢাকা বোর্ড-২০২৪

০১ সেট

উচ্চতর গণিত (স্জনশীল)

বিষয় কোড :

1	2	6
---	---	---

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে মূলতম একটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ-বীজগণিত

- ১। $F(x, y, z) = \frac{1}{8x^3} + \frac{1}{27y^3} + \frac{1}{64z^3}$
 $Q(x) = x^3 - 64x.$
 ক. $f(x) = \sqrt{x-4}$ হলে, $f^{-1}(-3)$ এর মান নির্ণয় কর। ২
 খ. যদি $F(x, y, z) = \frac{3}{24xyz}$ হয়, তবে প্রমাণ কর যে,
 $6yz + 4zx + 3xy = 0$, অথবা $2x = 3y = 4z$. ৮
 গ. $\frac{3x^3}{Q(x)}$ কে আংশিক ভগ্নাংশ প্রকাশ কর। ৮
- ২। $A = 4 + 44 + 444 + \dots \dots \dots$ এবং
 $S = 2(3x-5)^{-1} + 4(3x-5)^{-2} + 8(3x-5)^{-3} + \dots \dots \dots$ দুইটি অসীম ধারা।
 ক. $2x^2 + 7x + 3 = 0$ সমীকরণটির মূলের ধরন ও প্রকৃতি নির্ণয় কর। ২
 খ. A ধারাটির প্রথম n সংখ্যক পদের সমষ্টি নির্ণয় কর। ৮
 গ. x এর উপর কী শর্ত আরোপ কলে S ধারাটির (অসীমতক) সমষ্টি থাকবে এবং সেই সমষ্টি নির্ণয় কর। ৮
- ৩। $(A + Bx)^n$ একটি বীজগাণিতিক রাশি এবং $f(x) = \ln \frac{7-x}{7+x}$.
 ক. যদি $p^a = q^b = r^c$ এবং $q^2 = pr$ হয়, তবে দেখাও যে,
 $a^{-1} + c^{-1} = 2b^{-1}$. ২
 খ. যদি $A = 3$ এবং $B = 1$ হয়, তবে n এর কোন মানের জন্য রাশিটির বিস্তৃতির ৫ম পদ ও ৬ষ্ঠ পদের সহগ সমান হবে? ৮
 গ. $f(x)$ ফাংশনটির ডোমেন এবং রেঞ্জ নির্ণয় কর। ৮

খ বিভাগ-জ্যামিতি ও ভেষ্টির

- ৪। ΔABC এর BC, CA ও AB বাহুর উপর অঙ্কিত মধ্যমা যথাক্রমে AD, BE ও CF .
 ক. সমবাহু ΔPQR এর পরিবৰ্তের ব্যাসার্ধ ৬ সে.মি. হলে ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. ΔABC এর $\angle ACB$ সমকোণ এবং AB অতিভুজ হলে প্রমাণ কর যে, $2(AD^2 + BE^2 + CF^2) = 3AB^2$. ৮
 গ. ΔABC এর মধ্যমাত্রয় O বিন্দুতে মিলিত হলে প্রমাণ কর যে,
 $AB^2 + BC^2 + AC^2 = 3(OA^2 + OB^2 + OC^2)$. ৮

- ৫। ΔPQR এর QR, RP ও PQ বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, S, T .
 ক. \overrightarrow{PQ} ভেষ্টিরকে \overrightarrow{QS} ও \overrightarrow{RT} ভেষ্টিরের মাধ্যমে প্রকাশ কর। ২
 খ. $QRST$ ট্রিপিজিয়ামের কর্ণসময়ের মধ্যবিন্দু U ও V হলে, ভেষ্টিরের সাহায্যে প্রমাণ কর যে, $UV \parallel TS \parallel QR$ এবং $UV = \frac{1}{2}(QR - TS)$. ৮
 গ. প্রমাণ কর যে, $\overrightarrow{PD} + \overrightarrow{QS} + \overrightarrow{RT} = \underline{0}$. ৮
- ৬। একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু হলো $P(6, 6), Q(-6, 6), R(6, -7)$ এবং $S(3, -7)$.
 ক. দেখাও যে, Q ও S বিন্দুর সংযোগ সরলরেখা x -অক্ষের ধনাত্মক দিকের সাথে স্থূলকোণ উৎপন্ন করে। ২
 খ. $PQRS$ চতুর্ভুজের প্রকৃতি নির্ণয় কর। ৮
 গ. $PQRS$ চতুর্ভুজের যে অংশ চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৮

গ বিভাগ-ত্রিকোণমিতি ও সম্ভাবনা

- ৭। $3\cot^2\theta + \operatorname{cosec}^2\theta = P$ এবং $Q = \frac{-\sin(-\theta) + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan(-\theta)}$
 ক. $20^\circ 12' 36''$ কে ডেডিয়ান প্রকাশ কর। ২
 খ. $P = 5$ এবং $0 < \theta < 2\pi$ হলে, θ এর সম্ভাব্য মান নির্ণয় কর। ৮
 গ. $\tan\theta = \frac{5}{12}$ এবং $\cos\theta$ ঋণাত্মক হলে, দেখাও যে, $Q = \frac{34}{39}$. ৮
- ৮। (i) একটি ঝুঁড়িতে 10টি লাল, 12টি সাদা ও 8টি কালো মার্বেল আছে।
(ii) কোনো একজন লোকের সিলেট হতে ঢাকা ট্রেনে যাওয়ার সম্ভাবনা $\frac{3}{7}$ এবং ঢাকা হতে রংপুর বাসে যাওয়ার সম্ভাবনা $\frac{4}{7}$.
 ক. একটি নিরপেক্ষ ছক্কা ও একটি মুদ্রা একবার নিষ্কেপ করা হলো নমুনাক্ষেত্রটি লেখ। ছক্কায় 6 এবং মুদ্রায় T আসার সম্ভাবনা বের কর। ২
 খ. যদি প্রতিস্থাপন না করে একটি করে পর পর চারটি মার্বেল তুলে নেয়া হয় তবে সবগুলো মার্বেল কালো হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৮
 গ. সম্ভাব্য ঘটনাটির Probability tree অঙ্কন কর। Probability Tree ব্যবহার করে লোকটি সিলেট থেকে ঢাকা ট্রেনে নয় কিন্তু রংপুর বাসে যাওয়ার সম্ভাবনা বের কর। ৮

উত্তরমালা

বহুনির্বাচনি অভীক্ষা

জ	১	(গ)	২	(গ)	৩	(য)	৪	(য)	৫	(ক)	৬	(ক)	৭	(ই)	৮	(গ)	৯	(গ)	১০	(ক)	১১	(ই)	১২	(য)	১৩	(গ)
ং	১৪	(ব)	১৫	(ব)	১৬	(ব)	১৭	(ব)	১৮	(ক)	১৯	(ক)	২০	(ব)	২১	(ব)	২২	(ক)	২৩	(ব)	২৪	(ব)	২৫	(ব)		

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ $F(x, y, z) = \frac{1}{8x^3} + \frac{1}{27y^3} + \frac{1}{64z^3}$

$$Q(x) = x^3 - 64x.$$

ক. $f(x) = \sqrt{x-4}$ হলে, $f^{-1}(-3)$ এর মান নির্ণয় কর।

২

খ. যদি $F(x, y, z) = \frac{3}{24xyz}$ হয়, তবে প্রমাণ কর যে,

৮

$$6yz + 4zx + 3xy = 0, \text{ অথবা } 2x = 3y = 4z.$$

৮

গ. $\frac{3x^3}{Q(x)}$ কে আংশিক ভগ্নাংশ প্রকাশ কর।

১নং প্রশ্নের সমাধান

ক. মনে করি, $y = f(x)$

$$\text{বা, } y = \sqrt{x-4}$$

$$\text{বা, } y^2 = x-4 \text{ বা, } x = y^2 + 4$$

$$\text{বা, } f^{-1}(y) = y^2 + 4 \quad [\because y = f(x) \text{ হলে } f^{-1}(y) = x]$$

$$\therefore f^{-1}(x) = x^2 + 4$$

$$\therefore f^{-1}(-3) = (-3)^2 + 4 = 9 + 4 = 13 \text{ (Ans.)}$$

খ. দেওয়া আছে, $F(x, y, z) = \frac{1}{8x^3} + \frac{1}{27y^3} + \frac{1}{64z^3}$

$$\text{প্রশ্নমতে, } F(x, y, z) = \frac{3}{24xyz}$$

$$\text{বা, } \frac{1}{8x^3} + \frac{1}{27y^3} + \frac{1}{64z^3} = \frac{3}{24xyz}$$

$$\text{বা, } \left(\frac{1}{2x}\right)^3 + \left(\frac{1}{3y}\right)^3 + \left(\frac{1}{4z}\right)^3 - 3 \cdot \frac{1}{2x} \cdot \frac{1}{3y} \cdot \frac{1}{4z} = 0$$

$$\text{বা, } \frac{1}{2} \left(\frac{1}{2x} + \frac{1}{3y} + \frac{1}{4z} \right) \left\{ \left(\frac{1}{2x} - \frac{1}{3y} \right)^2 + \left(\frac{1}{3y} - \frac{1}{4z} \right)^2 + \left(\frac{1}{4z} - \frac{1}{2x} \right)^2 \right\} = 0$$

$$\text{হয়, } \frac{1}{2x} + \frac{1}{3y} + \frac{1}{4z} = 0$$

$$\text{বা, } \frac{6yz + 4zx + 3xy}{12xyz} = 0$$

$$\therefore 6yz + 4zx + 3xy = 0$$

$$\text{অথবা, } \left\{ \left(\frac{1}{2x} - \frac{1}{3y} \right)^2 + \left(\frac{1}{3y} - \frac{1}{4z} \right)^2 + \left(\frac{1}{4z} - \frac{1}{2x} \right)^2 \right\} = 0$$

আমরা জানি, একাধিক রাশির বর্গের সমষ্টি শূন্য হলে তারা প্রত্যেকেই পৃথক পৃথকভাবে শূন্য হবে।

$$\text{অর্থাৎ, } \frac{1}{2x} - \frac{1}{3y} = 0$$

$$\text{এবং } \frac{1}{3y} - \frac{1}{4z} = 0$$

$$\text{বা, } \frac{1}{2x} = \frac{1}{3y}$$

$$\text{বা, } \frac{1}{3y} = \frac{1}{4z}$$

$$\therefore 2x = 3y \dots \text{(i)}$$

$$\therefore 3y = 4z \dots \text{(ii)}$$

(i) ও (ii) নং হতে পাই, $2x = 3y = 4z$

সুতরাং, $6yz + 4zx + 3xy = 0$ অথবা, $2x = 3y = 4z$ (প্রমাণিত)

গ. দেওয়া আছে, $Q(x) = x^3 - 64x$

$$\therefore \frac{3x^3}{Q(x)} = \frac{3x^3}{x^3 - 64x}$$

$$= \frac{3x^3}{x(x^2 - 64)} = \frac{3x^2}{x^2 - 64}$$

$$= \frac{3(x^2 - 64) + 192}{x^2 - 64} = 3 + \frac{192}{x^2 - 64}$$

$$= 3 + \frac{192}{(x+8)(x-8)} \dots \text{(i)}$$

$$\text{ধরি, } \frac{192}{(x+8)(x-8)} = \frac{A}{x+8} + \frac{B}{x-8} \dots \dots \text{(ii)}$$

$$(ii) \text{ নং এ পর্যায়ক্রমে এর উভয়পক্ষকে } (x+8)(x-8) \text{ দ্বারা গুণ করে পাই,}$$

$$192 \equiv A(x-8) + B(x+8) \dots \dots \text{(iii)}$$

$$(iii) \text{ নং এ পর্যায়ক্রমে } x = 8 \text{ এবং } x = -8 \text{ বসিয়ে পাই,}$$

$$B = 12, A = -12$$

$$\therefore \frac{192}{(x+8)(x-8)} = -\frac{12}{x+8} + \frac{12}{x-8}$$

$$(i) \text{ নং হতে পাই, } \frac{3x^3}{Q(x)} = \frac{3x^3}{x^2 - 64} \equiv 3 - \frac{12}{x+8} + \frac{12}{x-8}; \text{ যা নির্ণেয় আংশিক ভগ্নাংশ। (Ans.)}$$

প্রশ্ন ▶ ০২ $A = 4 + 44 + 444 + \dots \dots \dots$ এবং $S = 2(3x-5)^{-1} + 4(3x-5)^{-2} + 8(3x-5)^{-3} + \dots \dots \dots$ দুইটি অসীম ধারা।

ক. $2x^2 + 7x + 3 = 0$ সমীকরণটির মূলের ধরন ও প্রকৃতি নির্ণয় কর।

খ. A ধারাটির প্রথম n সংখ্যক পদের সমষ্টি নির্ণয় কর।

গ. x এর উপর কী শর্ত আরোপ কলে S ধারাটির (অসীমতক) সমষ্টি থাকবে এবং সেই সমষ্টি নির্ণয় কর।

২নং প্রশ্নের সমাধান

ক. $2x^2 + 7x + 3 = 0$ সমীকরণকে $ax^2 + bx + c = 0$ সমীকরণের সাথে তুলনা করে পাই, $a = 2, b = 7, c = 3$

$$\therefore b^2 - 4ac = (7)^2 - 4 \cdot 2 \cdot 3 = 49 - 24 = 25$$

$$\text{যেহেতু } b^2 - 4ac > 0 \text{ এবং } \text{পূর্ণবর্গ।}$$

সুতরাং সমীকরণটির মূলদ্বয় বাস্তব, অসমান ও মূলদ হবে।

খ. দেওয়া আছে, $A = 4 + 44 + 444 + \dots \dots \dots$

$$= 4(1 + 11 + 111 + \dots \dots + n \text{ তম পদ})$$

$$= \frac{4}{9} (9 + 99 + 999 + \dots \dots + n \text{ তম পদ})$$

$$= \frac{4}{9} \{ (10 - 1) + (100 - 1) + (1000 - 1) + \dots \dots + n \text{ তম পদ} \}$$

$$= \frac{4}{9} \{ (10 + 100 + 1000 + \dots \dots + n \text{ তম পদ}) - (1 + 1 + 1 + \dots \dots + n \text{ তম পদ}) \}$$

$$= \frac{4}{9} \left\{ 10 \cdot \left(\frac{10^n - 1}{10 - 1} \right) - n \right\}$$

$$= \frac{40}{81} (10^n - 1) - \frac{4}{9} n$$

$$\therefore A \text{ ধারাটির প্রথম } n \text{ সংখ্যক পদের সমষ্টি, } S_n = \frac{40}{81} (10^n - 1) - \frac{4}{9} n \text{ (Ans.)}$$

গ. দেওয়া আছে, $S = 2(3x-5)^{-1} + 4(3x-5)^{-2} + 8(3x-5)^{-3} + \dots \dots \dots$

$$= \frac{2}{(3x-5)} + \frac{4}{(3x-5)^2} + \frac{8}{(3x-5)^3} + \dots \dots \dots$$

$$\text{ধারাটির } 1 \text{ ম পদ, } a = \frac{2}{3x-5}$$

$$\text{এবং সাধারণ অনুপাত, } r = \frac{\frac{4}{(3x-5)^2}}{\frac{2}{3x-5}}$$

$$= \frac{4}{(3x-5)^2} \times \frac{2}{2}$$

$$= \frac{2}{3x-5}$$

ধারাটির অসীমতক সমষ্টি থাকবে যদি ও কেবল যদি ধারাটির সাধারণ
অনুপাত $|r| < 1$ হয়,

$$\text{অর্থাৎ, } \left| \frac{2}{3x-5} \right| < 1 \text{ বা, } -1 < \frac{2}{3x-5} < 1 \text{ হয়।}$$

$$\therefore \frac{2}{3x-5} < 1 \quad \begin{array}{l} \text{অথবা, } \frac{2}{3x-5} > -1 \\ \text{বা, } 2 > -3x + 5 \text{ [উভয়পক্ষকে } 3x - 5 \text{ দ্বারা গুণ করে] } \\ \text{বা, } 2 - 5 > -3x \\ \text{বা, } -3 > -3x \\ \text{বা, } 3 < 3x \\ \therefore x > 1 \end{array}$$

\therefore নির্ণেয় অসীমতক সমষ্টির শর্ট : $x > \frac{7}{3}$ অথবা, $x > 1$.

\therefore অসীমতক সমষ্টি, $S_{\infty} = \frac{a}{1-r}$

$$= \frac{\frac{2}{3x-5}}{1 - \frac{2}{3x-5}} = \frac{\frac{2}{3x-5}}{\frac{3x-5-2}{3x-5}} = \frac{\frac{2}{3x-5}}{\frac{3x-7}{3x-5}} = \frac{2}{3x-5} \times \frac{3x-5}{3x-7} = \frac{2}{3x-7} \text{ (Ans.)}$$

প্রশ্ন ০৩ $(A+Bx)^n$ একটি বীজগাণিতিক রাশি এবং $f(x) = \ln \frac{7-x}{7+x}$

- ক. যদি $p^a = q^b = r^c$ এবং $q^2 = pr$ হয়, তবে দেখাও যে,
 $a^{-1} + c^{-1} = 2b^{-1}$. ২
- খ. যদি $A = 3$ এবং $B = 1$ হয়, তবে n এর কোন মানের জন্য
রাশিটির বিস্তৃতির ৫ম পদ ও ৬ষ্ঠ পদের সহগ সমান হবে? ৮
- গ. $f(x)$ ফাংশনটির ডোমেন এবং রেঞ্জ নির্ণয় কর। ৮

৩নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $p^a = q^b \therefore p = q^{\frac{b}{a}}$

আবার, $r^c = q^b$

$$\therefore r = q^{\frac{b}{c}}$$

$$\text{এখন, } pr = q^2 \text{ বা, } q^a \cdot q^c = q^2 \text{ বা, } q^{a+c} = q^2$$

$$\text{বা, } \frac{b}{a} + \frac{b}{c} = 2 \text{ বা, } b\left(\frac{1}{a} + \frac{1}{c}\right) = 2 \text{ বা, } \frac{1}{a} + \frac{1}{c} = \frac{2}{b}$$

$$\therefore a^{-1} + c^{-1} = 2b^{-1} \text{ (দেখানো হলো)}$$

খ প্রদত্ত বীজগাণিতিক রাশি $= (A+Bx)^n$

$$A = 3 \text{ ও } B = 1 \text{ হলে, প্রাপ্ত রাশি } = (3+x)^n$$

এখন,

$$(3+x)^n \text{ এর বিস্তৃতিতে } (r+1) \text{ তম পদ } = {}^n C_r \times 3^{n-r} \times x^r$$

$$\therefore (r+1) \text{ তম পদের সহগ } = {}^n C_r 3^{n-r}$$

$$\therefore 5\text{ম পদ তথ্য } (4+1) \text{ তম পদের সহগ } = {}^n C_4 3^{n-4}$$

$$\text{এবং } 6\text{ষ্ঠ পদ তথ্য } (5+1) \text{ তম পদের সহগ } = {}^n C_5 3^{n-5}$$

$$\text{শর্তমতে, } {}^n C_4 3^{n-4} = {}^n C_5 3^{n-5}$$

$$\text{বা, } \frac{n!}{4!(n-4)!} \times \frac{3^n}{3^4} = \frac{n!}{5!(n-5)!} \times \frac{3^n}{3^5}$$

$$\text{বা, } \frac{(n-5)!}{(n-4)(n-5)!} = \frac{1}{5 \times 3}$$

$$\text{বা, } \frac{1}{n-4} = \frac{1}{15}$$

$$\text{বা, } n-4 = 15$$

$$\therefore n = 19 \text{ (Ans.)}$$

গ দেওয়া আছে, $f(x) = \ln \frac{7-x}{7+x}$

লগারিদম শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য সংজ্ঞায়িত হয়।

$$\therefore \frac{7-x}{7+x} > 0 \text{ হবে যদি } (i) 7+x > 0 \text{ এবং } 7-x > 0 \text{ হয়।}$$

অথবা (ii) $7+x < 0$ এবং $7-x < 0$ হয়।

$$(i) \text{ নং হতে পাই, } x > -7 \text{ এবং } x < 7$$

$$\text{ডোমেন} = \{x : x > -7\} \cap \{x : x < 7\}$$

$$= \{(-7, \infty) \cap (-\infty, 7)\} = (-7, 7)$$

$$(ii) \text{ নং হতে পাই, } x < -7 \text{ এবং } -x < 7 \therefore x > 7$$

$$\therefore \text{ডোমেন} = \{x : x < -7\} \cap \{x : x > 7\} = \emptyset$$

$\therefore f(x)$ ফাংশনের ডোমেন,

$D_f = (i) \text{ ও } (ii) \text{ এ প্রাপ্ত ডোমেনের সংযোগ}$

$$= (-7, 7) \cup \emptyset = (-7, 7) \text{ (Ans.)}$$

x এর যেকোনো স্থিতি বাস্তব মানের জন্য $f(x)$ এর বাস্তব মান পাওয়া যাবে।

$\therefore f(x)$ ফাংশনের রেঞ্জ $= \mathbb{R}$ (Ans.)

প্রশ্ন ০৪ ΔABC এর BC , CA ও AB বাহুর উপর অঙ্কিত মধ্যমা
যথাক্রমে AD , BE ও CF .

ক. সমবাহু ΔPQR এর পরিবৃত্তের ব্যাসার্ধ 6 সে.মি. হলে
ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. ΔABC এর $\angle ACB$ সমকোণ এবং AB অতিভুজ হলে প্রমাণ
কর যে, $2(AD^2 + BE^2 + CF^2) = 3AB^2$. ৮

গ. ΔABC এর মধ্যমাত্রা O বিন্দুতে মিলিত হলে প্রমাণ কর যে,
 $AB^2 + BC^2 + AC^2 = 3(OA^2 + OB^2 + OC^2)$. ৮

৪নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি, সমবাহু ত্রিভুজের পরিবৃত্তের ব্যাসার্ধ এর মধ্যমা বা উচ্চতার $\frac{2}{3}$ অংশ। প্রতি বাহুর দৈর্ঘ্য a একক হলে,


$$\text{উচ্চতা} = \frac{\sqrt{3}}{2} a \text{ একক}$$

$$\text{শর্তমতে, } \frac{2}{3} \times \frac{\sqrt{3}}{2} \times a = 6$$

$$\therefore a = 6\sqrt{3} \text{ সেমি (Ans.)}$$

খ বিশেষ নির্বচন : $\triangle ABC$ সমকোণী
ত্রিভুজের $\angle ACB = 90^\circ$ এবং
 AD , BE ও CF ত্রিভুজের তিনটি
মধ্যমা। প্রমাণ করতে হবে যে,
 $2(AD^2 + BE^2 + CF^2) = 3AB^2$

প্রমাণ : $\triangle ABC$ এ $\angle ACB = 90^\circ$
 $\therefore AB^2 = AC^2 + BC^2$



এখন, $\triangle ABC$ এ CF মধ্যমা। এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে পাই,

$$BC^2 + AC^2 = 2(CF^2 + BF^2) = 2CF^2 + 2\left(\frac{1}{2} AB\right)^2 \quad [\because BF = \frac{1}{2} AB]$$

$$\text{বা, } BC^2 + AC^2 = 2CF^2 + \frac{1}{2} AB^2$$

$$\text{বা, } 2CF^2 = (BC^2 + AC^2) - \frac{1}{2} AB^2$$

$$\text{বা, } 2CF^2 = \frac{2(BC^2 + AC^2) - AB^2}{2} \dots \dots \text{(i)}$$

$$\text{অনুরূপভাবে, } 2BE^2 = \frac{2(BC^2 + AB^2) - AC^2}{2} \dots \dots \text{(ii)}$$

$$\text{এবং } 2AD^2 = \frac{2(AC^2 + AB^2) - BC^2}{2} \dots \dots \text{(iii)}$$

$$(i) + (ii) + (iii) \text{ নং হতে পাই, } 2(2CF^2 + 2BE^2 + 2AD^2) = 2(BC^2 + AC^2 + AB^2)$$


$$= 4(BC^2 + AC^2 + AB^2) - (BC^2 + AC^2 + AB^2) = 3(AB^2 + BC^2 + AC^2)$$

$$= \frac{3(BC^2 + AC^2 + AB^2)}{2} = \frac{3(AB^2 + BC^2 + AC^2)}{2} \quad [\because AB^2 = AC^2 + BC^2]$$

$$= \frac{3.2AB^2}{2}$$

$$\therefore 2(AD^2 + BE^2 + CF^2) = 3AB^2 \text{ (প্রমাণিত)}$$

গ



মনে করি, $\triangle ABC$ এর মধ্যমাত্রয থাক্রমে AD, BE ও CF পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, $AB^2 + BC^2 + AC^2 = 3(OA^2 + OB^2 + OC^2)$

প্রমাণ: $\triangle ABC$ এর AD, BE ও CF তিনটি মধ্যমা।

∴ এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুসারে,

$$AB^2 + CA^2 = 2(AD^2 + BD^2) \dots \dots \text{(i)}$$

$$AB^2 + BC^2 = 2(BE^2 + CE^2) \dots \dots \text{(ii)}$$

$$\text{এবং } BC^2 + CA^2 = 2(CF^2 + BF^2) \dots \dots \text{(iii)}$$

এখন সমীকরণ (i), (ii) ও (iii) নং যোগ করে পাই,

$$2AB^2 + 2BC^2 + 2CA^2 = 2AD^2 + 2BD^2 + 2BE^2 + 2CE^2 + 2CF^2 + 2BF^2$$

বা, $2(AB^2 + BC^2 + CA^2) = 2(AD^2 + BE^2 + CF^2) + 2(BD^2 + CE^2 + BF^2)$

বা, $4(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2) + (2BD)^2 + (2CE)^2 + (2BF)^2$

$$\text{বা, } 4(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2) + BC^2 + CA^2 + AB^2$$

$$\text{বা, } 3(AB^2 + BC^2 + CA^2) = 4(AD^2 + BE^2 + CF^2) \dots \dots \text{(iv)}$$

আমরা জানি, ত্রিভুজের মধ্যমাগুলো ছেদ বিন্দুতে $2 : 1$ অনুপাতে বিভক্ত হয়।

$$\therefore \frac{AO}{OD} = \frac{2}{1} \text{ বা, } \frac{OD}{AO} = \frac{1}{2} \text{ বা, } \frac{OD + AO}{AO} = \frac{1+2}{2} \text{ [যোজন করে]}$$

$$\text{বা, } \frac{AD}{AO} = \frac{3}{2} \text{ বা, } 2AD = 3AO \text{ বা, } 4AD^2 = 9AO^2 \text{ [বর্ণ করে]}$$

$$\text{অনুরূপভাবে, } 4BE^2 = 9BO^2 \text{ এবং } 4CF^2 = 9CO^2$$

∴ (iv) নং সমীকরণ থেকে পাই,

$$3(AB^2 + BC^2 + CA^2) = 9AO^2 + 9BO^2 + 9CO^2$$

$$\text{বা, } 3(AB^2 + BC^2 + CA^2) = 9(AO^2 + BO^2 + CO^2)$$

$$\therefore AB^2 + BC^2 + CA^2 = 3(OA^2 + OB^2 + OC^2) \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ▶ ০৫ $\triangle PQR$ এর QR, RP ও PQ বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, S, T .

ক. \overrightarrow{PQ} তেক্টেরকে \overrightarrow{QS} ও \overrightarrow{RT} তেক্টেরের মাধ্যমে প্রকাশ কর। ২


খ. $QRST$ ট্রাপিজিয়ামের কর্ণদ্বয়ের মধ্যবিন্দু U ও V হলে, তেক্টেরে সাহায্যে প্রমাণ কর যে, $UV \parallel TS \parallel QR$ এবং

$$UV = \frac{1}{2}(QR - TS). \quad 8$$

$$\text{গ. প্রমাণ কর যে, } \overrightarrow{PD} + \overrightarrow{QS} + \overrightarrow{RT} = \underline{0}. \quad 8$$

ফেঁ প্রশ্নের সমাধান

ক



$\triangle PQS$ হতে তেক্টের যোগের ত্রিভুজবিধি অনুসারে,

$$\overrightarrow{PQ} + \overrightarrow{QS} = \overrightarrow{PS} \text{ [ত্রিভুজবিধি]}$$

$$\text{বা, } \overrightarrow{PQ} = \overrightarrow{PS} - \overrightarrow{QS}$$

$$\therefore \overrightarrow{PQ} = \frac{1}{2} \overrightarrow{PR} - \overrightarrow{QS} \dots \dots \text{(i)}$$

আবার, $\triangle PRT$ হতে, $\overrightarrow{PR} + \overrightarrow{RT} = \overrightarrow{PT}$ [ত্রিভুজবিধি]

$$\therefore \overrightarrow{PR} = \overrightarrow{PT} - \overrightarrow{RT} \dots \dots \text{(ii)}$$

(i) ও (ii) থেকে পাই, $\overrightarrow{PQ} = \frac{1}{2}(\overrightarrow{PT} - \overrightarrow{RT}) - \overrightarrow{QS}$

$$\text{বা, } \overrightarrow{PQ} = \frac{1}{2}\left(\frac{1}{2}\overrightarrow{PQ} - \overrightarrow{RT}\right) - \overrightarrow{QS}$$

$$\text{বা, } \overrightarrow{PQ} = \frac{1}{4}\overrightarrow{PQ} - \frac{1}{2}\overrightarrow{RT} - \overrightarrow{QS}$$


$$\text{বা, } 4\overrightarrow{PQ} = \overrightarrow{PQ} - 2\overrightarrow{RT} - 4\overrightarrow{QS} \text{ [উভয়পক্ষকে 4 দ্বারা গুণ করে]}$$

$$\text{বা, } 3\overrightarrow{PQ} = -2\overrightarrow{RT} - 4\overrightarrow{QS}$$

$$\text{বা, } \overrightarrow{PQ} = -\frac{2}{3}\overrightarrow{RT} - \frac{4}{3}\overrightarrow{QS}$$

$$\therefore \overrightarrow{PQ} = -\frac{4}{3}\overrightarrow{QS} - \frac{2}{3}\overrightarrow{RT} \text{ (Ans.)}$$

খ



চিত্রে, T, PQ এর মধ্যবিন্দু এবং $QR \parallel TS$ । $QRST$ ট্রাপিজিয়ামের TR এবং SQ কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে U ও V । U, V যোগ করি।

$$\text{প্রমাণ করতে হবে যে, } UV \parallel TS \parallel QR \text{ এবং } UV = \frac{1}{2}(QR - TS)$$

প্রমাণ : মনে করি, কোনো তেক্টের মূলবিন্দুর সাপেক্ষে Q, R, T, S এর অবস্থান তেক্টের যথাক্রমে Q, R, T, S ।

$$\therefore U$$
 বিন্দুর অবস্থান তেক্টের $= \frac{1}{2}(T + R)$ [$\because U, TR$ এর মধ্যবিন্দু]

$$\text{এবং } V$$
 বিন্দুর অবস্থান তেক্টের $= \frac{1}{2}(S + Q)$ [$\because V, SQ$ এর মধ্যবিন্দু]

$$\therefore \overrightarrow{UV} = \frac{1}{2}(\overline{S} + \overline{Q}) - \frac{1}{2}(\overline{T} + \overline{R})$$

$$= \frac{1}{2}(\overline{S} + \overline{Q} - \overline{T} - \overline{R})$$

$$= \frac{1}{2}\{(\overline{S} - \overline{T}) - (\overline{R} - \overline{Q})\}$$

$$= \frac{1}{2}(\overrightarrow{TS} - \overrightarrow{QR})$$

$QR \parallel TS$ হওয়ায় $(\overrightarrow{TS} - \overrightarrow{QR})$ তেক্টেটিও \overrightarrow{QR} ও \overrightarrow{TS} তেক্টেরের সমান্তরাল হবে। তাহলে \overrightarrow{UV} তেক্টেটিও \overrightarrow{QR} ও \overrightarrow{TS} তেক্টেরদ্বয়ের সমান্তরাল হবে।

$$\text{কারণ, } \overrightarrow{UV} = \frac{1}{2}(\overrightarrow{TS} - \overrightarrow{QR})$$


$$\text{বা, } |\overrightarrow{UV}| = \frac{1}{2}|\overrightarrow{TS} - \overrightarrow{QR}|$$

$$\therefore UV = \frac{1}{2}(TS - QR)$$

$$\text{বা, } UV = -\frac{1}{2}(TS - QR) = \frac{1}{2}(QR - TS)$$

$$\therefore UV \parallel TS \parallel QR \text{ এবং } UV = \frac{1}{2}(QR - TS) \text{ (প্রমাণিত)}$$

গ



$\triangle PQD$ -এ ত্রিভুজ সূত্র প্রয়োগ করে পাই, $\overrightarrow{PD} = \overrightarrow{PQ} + \overrightarrow{QD}$

$$\therefore \overrightarrow{PD} = \overrightarrow{PQ} + \frac{1}{2}\overrightarrow{QR} \dots \dots \text{(i)} \quad [\text{D, QR এর মধ্যবিন্দু বলে } \overrightarrow{QD} = \frac{1}{2}\overrightarrow{QR}]$$

$$\Delta PRT\text{-এ } \vec{PT} = \vec{PR} + \vec{RT}$$

$$\text{বা, } \vec{RT} = \vec{PT} - \vec{PR}$$

$$\therefore \vec{RT} = \frac{1}{2} \vec{PQ} - \vec{PR} \dots \dots \text{(ii)} [T, PQ \text{ এর মধ্যবিন্দু বলে } \vec{PT} = \frac{1}{2} \vec{PQ}]$$

এবং $\Delta PQS\text{-এ } \vec{PS} = \vec{PQ} + \vec{QS}$

$$\text{বা, } \vec{QS} = \vec{PS} - \vec{PQ}$$

$$\therefore \vec{QS} = \frac{1}{2} \vec{PR} - \vec{PQ} \dots \dots \text{(iii)} [S, PR \text{ এর মধ্যবিন্দু বলে } \vec{PS} = \frac{1}{2} \vec{PR}]$$

এখন, (i), (ii) ও (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$$\vec{PD} + \vec{RT} + \vec{QS} = \vec{PQ} + \frac{1}{2} \vec{QR} + \frac{1}{2} \vec{PQ} - \vec{PR} + \frac{1}{2} \vec{PR} - \vec{PQ}$$

$$\text{বা, } \vec{PD} + \vec{QS} + \vec{RT} = \frac{1}{2} \vec{PQ} + \frac{1}{2} \vec{QR} - \frac{1}{2} \vec{PR}$$

$$= \frac{1}{2} (\vec{PQ} + \vec{QR}) - \frac{1}{2} \vec{PR}$$

$$= \frac{1}{2} \vec{PR} - \frac{1}{2} \vec{PR} = \underline{0}$$

$$\therefore \vec{PD} + \vec{QS} + \vec{RT} = \underline{0} \text{ (প্রমাণিত)}$$

- প্রশ্ন ১০৬** একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু হলো $P(6, 6)$, $Q(-6, 6)$, $R(6, -7)$ এবং $S(3, -7)$.

ক. দেখাও যে, Q ও S বিন্দুর সংযোগ সরলরেখা x -অক্ষের ধনাত্মক দিকের সাথে স্থূলকোণ উৎপন্ন করে।

২

খ. $PQRS$ চতুর্ভুজের প্রকৃতি নির্ণয় কর।

৮

গ. $PQRS$ চতুর্ভুজের যে অংশ চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে তার ফেত্রফল নির্ণয় কর।

৮


৬নং প্রশ্নের সমাধান

- ক. $Q(-6, 6)$ ও $S(3, -7)$ বিন্দুগামী QS

$$\text{সরলরেখার ঢাল, } m = \frac{6+7}{-6-3} = \frac{13}{-9} = -\frac{13}{9}$$

আমরা জানি, খণ্ডাত্মক ঢালবিশিষ্ট সরলরেখা x -অক্ষের ধনাত্মক দিকের সাথে স্থূলকোণ উৎপন্ন করে। অর্থাৎ, QS রেখাটি x -অক্ষের ধনাত্মক দিকের সাথে স্থূলকোণ তৈরি করবে। (দেখানো হলো)

- খ. দেওয়া আছে, চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু হলো $P(6, 6)$, $Q(-6, 6)$, $R(6, -7)$ এবং $S(3, -7)$ । বিন্দু চারটি দিয়ে গঠিত $PQRS$ চতুর্ভুজের প্রকৃতি নির্ণয়ের জন্য বাহু ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করি।



$$\text{বাহু, } PQ = \sqrt{(6+6)^2 + (6-6)^2} = \sqrt{12^2 + 0} = 12 \text{ একক}$$

$$\text{বাহু, } QS = \sqrt{(-6-3)^2 + (6+7)^2} = \sqrt{81+169} = 5\sqrt{10} \text{ একক}$$


$$\text{বাহু, } SR = \sqrt{(3-6)^2 + (-7+7)^2} = \sqrt{9+0} = 3 \text{ একক}$$

$$\text{বাহু, } PR = \sqrt{(6-6)^2 + (6+7)^2} = \sqrt{169} = 13 \text{ একক}$$

যেহেতু চতুর্ভুজের বাহুগুলো পরস্পর অসমান তাই কর্ণগুলোও অসমান হবে। আবার, PQ বাহুর P ও Q বিন্দুর কোটি সমান হওয়ায় PQ সরলরেখা এবং SR বাহুর S ও R বিন্দুবয়ের কোটি সমান হওয়ায় SR সরলরেখা x -অক্ষের সমান্তরাল অর্থাৎ এরা পরস্পর সমান্তরাল।

যেহেতু চতুর্ভুজের একজোড়া বাহু সমান্তরাল এবং কোনো বাহুর দৈর্ঘ্যই সমান নয় তাই চতুর্ভুজটি একটি ট্রিপিজিয়াম।

- গ. $PQRS$ চতুর্ভুজের $S(3, -7)$ ও $R(6, -7)$ বিন্দুবয়ে চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে তার ফেত্রফল নির্ণয় কর।



মনে করি, QS রেখা y -অক্ষকে $E(0, a)$ বিন্দুতে ছেদ করে।

$$QS \text{ রেখার সমীকরণ, } \frac{y-6}{6+7} = \frac{x+6}{-6-3}$$

$$\text{বা, } 13x + 78 = -9y + 54$$

$$\text{বা, } 13x + 9y + 24 = 0 \dots \dots \text{(i)}$$

(i) নং রেখা $(0, a)$ বিন্দুগামী হওয়ায়,

$$13 \times 0 + 9 \times a + 24 = 0$$

$$\text{বা, } 9a = -24$$

$$\therefore a = -\frac{24}{9} = -\frac{8}{3}$$

$$\therefore E \text{ বিন্দুর স্থানাঙ্ক } \left(0, -\frac{8}{3}\right)$$

P ও R বিন্দুর ভুজ 6 হওয়ায় PR রেখা x -অক্ষকে $F(6, 0)$ বিন্দুতে ছেদ করে।

তাহলে $PQRS$ চতুর্ভুজের চতুর্থ চতুর্ভাগের অংশটি হবে $OESRF$ যেখানে $O(0, 0)$ মূলবিন্দু।

\therefore প্রাপ্ত বিন্দুসমূহ ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে $OESRF$ অংশের

$$\text{ফেত্রফল} = \frac{1}{2} \begin{vmatrix} 0 & 0 & 3 & 6 & 6 & 0 \\ 0 & -8/3 & -7 & -7 & 0 & 0 \end{vmatrix} \text{ বর্গএকক}$$

$$= \frac{1}{2} [0 + 0 - 21 + 0 + 0 - 0 + 8 + 42 + 42 + 0] \text{ বর্গএকক}$$

$$= \frac{1}{2} \times 71 \text{ বর্গএকক}$$

$$= 35.5 \text{ বর্গএকক (Ans.)}$$

প্রশ্ন ▶ ০৭ $3\cot^2\theta + \operatorname{cosec}^2\theta = P$ এবং $Q = \frac{-\sin(-\theta) + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan(-\theta)}$

ক. $20^\circ 12' 36''$ কে রেডিয়ান প্রকাশ কর।

খ. $P = 5$ এবং $0 < \theta < 2\pi$ হলে, θ এর সম্ভাব্য মান নির্ণয় কর।

গ. $\tan\theta = \frac{5}{12}$ এবং $\cos\theta$ খণ্ডাত্মক হলে, দেখাও যে, $Q = \frac{34}{39}$.

৭নং প্রশ্নের সমাধান

ক $20^\circ 12' 36'' = 20^\circ + \left(\frac{12}{60}\right)^\circ + \left(\frac{36}{3600}\right)^\circ$

$$= \left(20 + \frac{1}{5} + \frac{1}{100}\right)^\circ$$

$$= \left(\frac{2021}{100} \times \frac{\pi}{180}\right)$$

রেডিয়ান
= 0.3527 রেডিয়ান (প্রায়) (Ans.)

খ দেওয়া আছে, $3\cot^2\theta + \operatorname{cosec}^2\theta = P$ এবং $P = 5$

$$\therefore 3\cot^2\theta + \operatorname{cosec}^2\theta = 5$$

বা, $3\cot^2\theta + 1 + \cot^2\theta = 5$

বা, $4\cot^2\theta = 4$ বা, $\cot^2\theta = 1$

$$\therefore \cot\theta = \pm 1$$

ধনাত্মক মান নিয়ে পাই, $\cot\theta = 1 = \cot\frac{\pi}{4} = \cot\left(\pi + \frac{\pi}{4}\right)$

বা, $\cot\theta = \cot\frac{\pi}{4} = \cot\frac{5\pi}{4}$

$$\therefore \theta = \frac{\pi}{4}, \frac{5\pi}{4}$$

ঝণাত্মক মান নিয়ে পাই, $\cot\theta = -1 = -\cot\frac{\pi}{4}$

বা, $\cot\theta = \cot\left(\pi - \frac{\pi}{4}\right) = \cot\left(2\pi - \frac{\pi}{4}\right)$

বা, $\cot\theta = \cot\frac{3\pi}{4} = \cot\frac{7\pi}{4}$

$$\therefore \theta = \frac{3\pi}{4}, \frac{7\pi}{4}$$

∴ নির্ণেয় সমাধান, $\theta = \frac{\pi}{4}, \frac{3\pi}{4}, \frac{5\pi}{4}, \frac{7\pi}{4}$ (Ans.)

গ দেওয়া আছে, $\tan\theta = \frac{5}{12}$

$$\therefore \cos\theta = -\frac{12}{13} \quad [\because \cos\theta \text{ খণ্ডাত্মক}]$$

$$\therefore \sin\theta = -\frac{5}{13} \text{ এবং } \sec\theta = \frac{1}{\cos\theta} = -\frac{13}{12}$$

এখন, $Q = \frac{-\sin(-\theta) + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan(-\theta)}$


$$= \frac{-(-\sin\theta) + \cos\theta}{\sec\theta + \tan(-\theta)}$$

$$= \frac{\sin\theta + \cos\theta}{\sec\theta - \tan\theta}$$

$$= \frac{-\frac{5}{13} - \frac{12}{13}}{-\frac{13}{12} - \frac{5}{12}} = \frac{-5 - 12}{-13 - 5}$$

$$= \frac{-17}{-18} \times \frac{12}{12} = \frac{34}{39}$$

∴ $Q = \frac{34}{39}$ (দেখানো হলো)



২

৪

৪

প্রশ্ন ▶ ০৮ (i) একটি ঝুড়িতে 10টি লাল, 12টি সাদা ও 8টি কালো মার্বেল আছে।

(ii) কোনো একজন লোকের সিলেট হতে ঢাকা ট্রেনে যাওয়ার সম্ভাবনা $\frac{3}{7}$ এবং

ঢাকা হতে রংপুর বাসে যাওয়ার সম্ভাবনা $\frac{4}{7}$.

ক. একটি নিরপেক্ষ ছক্কা ও একটি মুদ্রা একবার নিষ্কেপ করা হলো নমুনাক্ষেত্রে লেখ। ছক্কায় 6 এবং মুদ্রায় T আসার সম্ভাবনা বের কর।

খ. যদি প্রতিস্থাপন না করে একটি করে পর পর চারটি মার্বেল তুলে নেয়া হয় তবে সবগুলো মার্বেল কালো হওয়ার সম্ভাবনা নির্ণয় কর।

গ. সম্ভাব্য ঘটনাটির Probability tree অঙ্কন কর। Probability Tree ব্যবহার করে লোকটি সিলেট থেকে ঢাকা ট্রেনে নয় কিন্তু রংপুর বাসে যাওয়ার সম্ভাবনা বের কর।

৮নং প্রশ্নের সমাধান

ক একটি ছক্কা ও একটি মুদ্রা একবার নিষ্কেপের নমুনাক্ষেত্র,

$$S = \{1H, 1T, 2H, 2T, 3H, 3T, 4H, 4T, 5H, 5T, 6H, 6T\}$$

$$\therefore \text{নমুনাবিন্দু} = 12\text{টি}$$

$$\text{ছক্কায় 6 ও মুদ্রায় T আসার অনুকূল নমুনাক্ষেত্র} = \{6T\}$$

অর্থাৎ, 1টি।

$$\therefore \text{সম্ভাবনা} = \frac{1}{12} \text{ (Ans.)}$$

খ প্রতিস্থাপন না করে একটি করে পরপর চারটি মার্বেল তুলে নিলে প্রতিবার মোট মার্বেল সংখ্যা পূর্বীপক্ষে 1 কমে যায়।

$$\text{মোট মার্বেল সংখ্যা} = (10 + 12 + 8)\text{টি} = 30\text{টি।}$$

$$1\text{ম মার্বেল কালো হওয়ার সম্ভাবনা} = \frac{8}{30}$$

$$2\text{য মার্বেল কালো হওয়ার সম্ভাবনা} = \frac{7}{29}$$


$$3\text{য মার্বেল কালো হওয়ার সম্ভাবনা} = \frac{6}{28}$$

$$4\text{থ মার্বেল কালো হওয়ার সম্ভাবনা} = \frac{5}{27}$$

$$\therefore \text{সবগুলো মার্বেল কালো হওয়ার সম্ভাবনা} = \frac{8}{30} \times \frac{7}{29} \times \frac{6}{28} \times \frac{5}{27}$$

$$= \frac{2}{783} \text{ (Ans.)}$$

গ সম্ভাবনার মাধ্যমে Probability tree হবে :



∴ লোকটির সিলেট থেকে ঢাকা ট্রেনে নয় কিন্তু রংপুর বাসে যাওয়ার

$$\text{সম্ভাবনা} = \frac{4}{7} \times \frac{4}{7} = \frac{16}{49} \text{ (Ans.)}$$

রাজশাহী বোর্ড-২০২৪

উচ্চতর গণিত (বহুনির্বাচনি অভিক্ষা)

বিষয় কোড : 1 2 6

সময় : ২৫ মিনিট

পূর্ণমান : ২৫

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে পদ্ধতি বর্ণনালিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।।

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

১. নিচের কোনটি প্রতিসম রাশি?

- (ক) $2x^2 - 5yz - z^2$
 (খ) $\frac{1}{x} - \frac{1}{y} + \frac{1}{z}$
 (গ) $\frac{x}{y} + \frac{y}{z} + \frac{z}{x}$
 (ঘ) $-x^2 - y^2 - z^2$
- (ক) $\sin\theta = \frac{5}{13}$ এবং $\pi < \theta < \frac{3\pi}{2}$ হলে, $\cos\theta = ?$
 (খ) $\frac{13}{12}$
 (গ) $-\frac{12}{13}$
 (ঘ) $-\frac{13}{12}$

Note : সঠিক উত্তর নেই। $\pi < \theta < \frac{3\pi}{2}$ এর জন্য $\sin\theta$ এর মান ঋণাত্মক

৩. $3y = 6x - 2$ সরলরেখার-

- i. ঢাল 6
 ii. y -অক্ষের ছেদক $-\frac{2}{3}$
 iii. x -অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ সূক্ষ্মকোণ
 নিচের কোনটি সঠিক?


(ক) i ও ii
 (খ) i ও iii
 (গ) ii ও iii
 (ঘ) i, ii ও iii

৪. $A(1,3), B(3,2)$ এবং $C(-4,-2)$ শীর্ষবিশিষ্ট ΔABC এর ক্ষেত্রফল কত বর্গএকক?


- (ক) $\frac{15}{2}$ বর্গএকক
 (খ) 15 বর্গএকক
 (গ) $\frac{35}{2}$ বর্গএকক
 (ঘ) 30 বর্গএকক

৫. চিত্রে X ও Y যথাক্রমে PQ ও SR এর মধ্যবিন্দু যথানে $PS \parallel QR$ এবং $PS = 6$ cm, $QR = 10$ cm হলে, XY এর মান কত?

- (ক) 16 cm
 (খ) 8 cm
 (গ) 4 cm
 (ঘ) 2 cm



□ নিচের তথ্যের আলোকে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র : ক্যাপসুল

৬. ক্যাপসুলের সমগ্রতলের ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?
 (ক) 260.89
 (খ) 263.89
 (গ) 265.89
 (ঘ) 269.89

৭. ক্যাপসুলের আয়তন নির্ণয় কর।

- (ক) 339.29 ঘন সেমি
 (খ) 336.29 ঘন সেমি
 (গ) 333.29 ঘন সেমি
 (ঘ) 330.29 ঘন সেমি

৮. একটি মুদ্রাকে তিনবার নিক্ষেপ করা হলে হেতু অপেক্ষা অধিকবার টেল আসার সম্ভাবনা কত?

- (ক) $\frac{2}{3}$
 (খ) $\frac{1}{2}$
 (গ) $\frac{1}{8}$
 (ঘ) $\frac{1}{6}$

৯. $\left(2x^2 - \frac{1}{2x^3}\right)$ এর বিস্তৃতিতে x বর্জিত পদটি কততম?

- (ক) 3 তম
 (খ) 4 তম
 (গ) 5 তম
 (ঘ) 6 তম

১০. কিছু সংখ্যক লোকের মধ্যে 70 জন ফুটবল, 50 জন ক্রিকেট এবং 40 জন ফুটবল ও ক্রিকেট খেলা পছন্দ করে। দুইটি খেলার অন্তর্ভুক্ত একটি খেলা পছন্দ করে কত জন?
 (ক) 70
 (খ) 80
 (গ) 120
 (ঘ) 160

১১. নিচের কোনটি এক-এক ফাংশন?

- (ক) $F(x) = (x+4)^2$
 (খ) $F(x) = |x-3|$
 (গ) $F(x) = e^x$
 (ঘ) $F(x) = \frac{5}{|x|}, x \neq 0$

১২. $P(x) = \frac{6x^5 + x^2}{2 + 12x^3}$ হলে,

- i. বহুপদীটির মাত্রা 5
 ii. বহুপদীটির মুখ্যসহগ $\frac{1}{2}$
 iii. $P(-2) = 2$

■ খালি ঘরগুলোতে পেমিসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
 (খ) i ও iii
 (গ) ii ও iii
 (ঘ) i, ii ও iii
১৩. যদি $\frac{x+5}{(x-1)(x-3)} = \frac{P}{x-1} + \frac{Q}{x-3}$ হয়, তবে P ও Q এর মান যথাক্রমে নিচের কোনটি?

- (ক) 3 এবং 4
 (খ) -3 এবং 4
 (গ) 3 এবং -4
 (ঘ) -3 এবং -4

১৪. সমবাহু ত্রিভুজের পরিবৰ্তনের ব্যাসার্ধ 5 সে. মি. হলে, ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য কত?
 (ক) $5\sqrt{3}$ সে. মি.
 (খ) $3\sqrt{5}$ সে. মি.
 (গ) $5\sqrt{3}$ সে. মি.
 (ঘ) $\sqrt{3}$ সে. মি.

১৫. $4x - 3y + 5 = 0$ সরলরেখাটির ঢাল কত?

- (ক) $-\frac{4}{3}$
 (খ) $-\frac{3}{4}$
 (গ) $\frac{3}{4}$
 (ঘ) $\frac{4}{3}$

১৬. PQR এ $PQ = 11$ সে. মি., $QR = 13$ সে. মি. এবং $PR = 16$ সে. মি.।
 ত্রিভুজটির অন্তর্ভুক্তের ব্যাসার্ধ কত?

- (ক) 2.51 সে. মি.
 (খ) 2.94 সে. মি.
 (গ) 3.24 সে. মি.
 (ঘ) 3.55 সে. মি.

১৭. $3^{2x+5} = 3.5^{2x+4}$ হলে, $x = ?$

- (ক) -2
 (খ) $-\frac{3}{2}$
 (গ) $+\frac{3}{2}$
 (ঘ) 2

১৮. জাইফা 13 বছর বয়সে জে. এস. সি পরীক্ষা দিয়েছিল এবং 18 বছর বয়সে সে এইচ.এস.সি পরীক্ষা দিবে। তার বর্তমান বয়স অসমতায় প্রকাশ কর।
 (ক) $13 \leq x \leq 18$
 (খ) $13 < x \leq 18$
 (গ) $13 < x < 18$
 (ঘ) $13 \leq x < 18$

□ নিচের তথ্যের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :

$$2 + 3\sqrt{2} + 9 + \frac{27}{\sqrt{2}} + \dots \dots \dots$$

১৯. ধারাটির n তম পদ কোনটি?


- (ক) $(n+1)\sqrt{n}$
 (খ) $2^{\frac{n}{2^n-1}}$
 (গ) $2\left(\frac{3}{\sqrt{2}}\right)^{n-1}$
 (ঘ) $2\frac{2^n}{2^{n-1}}$

২০. ধারাটির অসীমতক সমষ্টি কত?

- (ক) $\frac{2\sqrt{2}}{\sqrt{2}-3}$
 (খ) $\frac{2\sqrt{2}}{3-\sqrt{2}}$
 (গ) $-\frac{4+6\sqrt{2}}{9}$
 (ঘ) সমষ্টি নেই

২১. চিত্রে $\tan\theta = \frac{1}{\sqrt{3}}$ এবং O বৃত্তের কেন্দ্র হলে-

- i. বৃত্তের পরিধি 2π
 ii. বৃত্তের ক্ষেত্রফল π



iii. $\triangle ABC$ এর তিনিকোনের সমষ্টি π রেডিয়ান

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
 (খ) i ও iii
 (গ) ii ও iii
 (ঘ) i, ii ও iii

২২. সকাল 11:25 টায় ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার অন্তর্গত কোণ কত ডিগ্রি?

- (ক) 192.5°
 (খ) 190°
 (গ) 12.5°
 (ঘ) 10°

২৩. $\beta = \frac{7\pi}{2}$ হলে,

- i. $\cos\left(\beta - \frac{\pi}{6}\right) = \frac{1}{2}$
 ii. $\operatorname{cosec}\left(\beta - \frac{\pi}{3}\right) = -2$

- iii. $\tan\left(\beta - \frac{\pi}{4}\right) = -1$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
 (খ) i ও iii
 (গ) ii ও iii
 (ঘ) i, ii ও iii

২৪. $y = \log_5 x$ এর বিপরীত ফাংশন কোনটি?

- (ক) $y = \log_5 5$
 (খ) $y = 5^x$
 (গ) $y = \log_{\frac{1}{5}} x$
 (ঘ) $y = 5^{-x}$

২৫. যদি $(a\sqrt{a})^{4a} = (a^3)^{a\sqrt{a}}$ হয়, তবে a এর মান কত?

- (ক) $\frac{3}{2}$
 (খ) 2
 (গ) $\frac{9}{4}$
 (ঘ) 4

ক্ষেত্র	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
পঞ্জ	18	15	16	17	18	19	20	21	22	23	24	25	

রাজশাহী রোড়-২০২৪

০১ সেট

উচ্চতর গণিত (স্জনশীল)

বিষয় কোড :

1	2	6
---	---	---

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে সুন্মত একটি করে মোট পাঁচটি প্রশ্নের উভয় দাও।]

ক বিভাগ-বীজগণিত

১। $f : \mathbb{R} - \{5\} \rightarrow \mathbb{R}, f(x) = \frac{x-3}{x+5}$ এবং $P(x) = \frac{2x+4}{(x-1)(x^2+2)}$.

ক. $g(x) = \frac{1}{\sqrt{5-2x}}$ এর ডোমেন নির্ণয় কর।

খ. f একটি সার্বিক ফাংশন কিনা যাচাই কর।

গ. $P(x)$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর।

২। $(2+ax)^7$ এর বিস্তৃতিতে x^3 এর সহগ 15120 এবং $y = f(x) = \ln \frac{7+x}{7-x}$.

ক. $\binom{n}{2} = \binom{n}{3}$ হলে, n এর মান নির্ণয় কর।

খ. a এর মান নির্ণয় কর।

গ. $f(x)$ দ্বারা বর্ণিত ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর।

৩। (i) একটি অনন্ত গুগোত্তর ধারার ১ম দুই পদের সমষ্টি $\frac{3}{2}$ এবং অসীমতক সমষ্টি 2।

(ii) $4 + 44 + 444 + \dots$ একটি ধারা।

ক. অনন্ত গুগোত্তর ধারার সূত্র প্রয়োগ করে 0.12 কে মূলদীয় ভগ্নাংশে প্রকাশ কর।

খ. (i) নং এ বর্ণিত অনন্ত গুগোত্তর ধারাটির সাধারণ অনুপাত নির্ণয় কর।

গ. (ii) নং ধারাটির ১ম n পদের সমষ্টি নির্ণয় কর।

খ বিভাগ-জ্যামিতি ও ভেষ্টির

৪। ABCD চতুর্ভুজটি বৃক্ষে অন্তলিখিত যার AC ও BD দুটি কর্ণ এবং $\angle BAC < \angle DAC$.

ক. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 3 সে.মি. হলে ত্রিভুজটির মধ্যমাসমূহের বর্গের সমষ্টি নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $AC \cdot BD = AB \cdot CD + BC \cdot AD$.

গ. যদি AB উক্ত বৃক্ষের ব্যাস হয় এবং AC ও BD জ্যাদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করে তবে প্রমাণ কর যে,

$$AB^2 = AC \cdot AP + BD \cdot BP.$$

৫। (i) $P(2, -3), Q(7, -3)$ এবং $R(2, 3)$ একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু।

(ii) $x + 3y = 13, x + y = 3, x + y = 5$ এবং $y = 3$ চারটি সরলরেখার সমীকরণ।

ক. P ও Q বিন্দুগামী রেখার ঢাল নির্ণয় কর।

খ. দেখাও যে, PQR একটি সমকোণী ত্রিভুজ।

গ. (ii) নং এর সমীকরণ চারটি দ্বারা গঠিত চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

৬। ABCD চতুর্ভুজের A, B, C ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(4, 4), (-4, 2), (-2, -6)$ ও $(6, -4)$ । AB, BC, CD ও AD বালুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R ও S ।

ক. AB রেখার সমীকরণ নির্ণয় কর।

খ. ABCD চতুর্ভুজটির প্রকৃতি নির্ণয় কর।

গ. ভেষ্টিরের সাহায্যে প্রমাণ কর যে, $PQRS$ একটি সামান্তরিক।

গ বিভাগ-ত্রিকোণমিতি ও সম্ভাবনা

৭। $a = \cot \theta$ এবং $b = \operatorname{cosec} \theta$.

ক. $4\theta = \pi$ হলে, $a + b^2$ এর মান নির্ণয় কর।

খ. $a + b = x$ হলে, দেখাও যে, $\sec \theta = \frac{x^2 + 1}{x^2 - 1}$.

গ. $3(a^2 + b^2) = 5$ এবং $0 < \theta < 2\pi$, হলে, θ এর সম্ভাব্য মান নির্ণয় কর।

৮। (i) দুটি নিরপেক্ষ ছক্কা একত্রে নিষ্কেপ করা হলো।

(ii) 1 থেকে 32 পর্যন্ত নম্বর দেয়া কার্ডগুলো থেকে একটি কার্ড দৈবভাবে নির্বাচন করা হলো।

ক. দেখাও যে, সম্ভাবনার মান 0 থেকে 1 এর মধ্যে সীমাবদ্ধ।

খ. ছক্কা নিষ্কেপ ঘটনার Probability tree অঙ্কন কর এবং নমুনা ক্ষেত্র হতে দুটি ছক্কায় একই ফলাফল পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর।

গ. কার্ডের নম্বরটি 2 অথবা 3 দ্বারা বিভাজ্য হওয়ার সম্ভাবনা নির্ণয় কর।

উত্তরমালা

বহুনির্বাচনি অভীক্ষা

১	(গ)	২	*	৩	(গ)	৪	(ক)	৫	(ই)	৬	(ই)	৭	(ক)	৮	(ই)	৯	(গ)	১০	(ই)	১১	(গ)	১২	(গ)	১৩	(ই)
১৪	(ক)	১৫	(গ)	১৬	(গ)	১৭	(ক)	১৮	(গ)	১৯	(গ)	২০	(গ)	২১	(গ)	২২	(ক)	২৩	(ক)	২৪	(গ)	২৫	(গ)		

সূজনশীল

প্রশ্ন ▶ ০১ $f : \mathbb{R} - \{5\} \rightarrow \mathbb{R}$, $f(x) = \frac{x-3}{x+5}$ এবং $P(x) = \frac{2x+4}{(x-1)(x^2+2)}$

ক. $g(x) = \frac{1}{\sqrt{5-2x}}$ এর ডোমেন নির্ণয় কর।

২

খ. f একটি সার্বিক ফাংশন কিনা যাচাই কর।

৮

গ. $P(x)$ কে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর।

৮

১নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $g(x) = \frac{1}{\sqrt{5-2x}}$

$g(x)$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি $5-2x > 0$ হয়।

বা, $-2x > -5$ বা, $2x < 5 \therefore x < \frac{5}{2}$

$\therefore g(x)$ এর ডোমেন, $D_g = \{x : x \in \mathbb{R} \text{ এবং } x < \frac{5}{2}\}$ (Ans.)

খ. দেওয়া আছে, $f(x) = \frac{x-3}{x+5}$

$f(x)$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি

$x+5 \neq 0$

বা, $x \neq -5$ হয়।

ধরি, $y = f(x)$

$\therefore x = f^{-1}(y) \dots \dots \dots$ (i)

তাহলে, $y = \frac{x-3}{x+5}$

বা, $xy + 5y = x - 3 \quad$ বা, $xy - x = -5y - 3$

বা, $x(y-1) = -5y-3 \quad$ বা, $x = \frac{-5y-3}{y-1}$

বা, $f^{-1}(y) = \frac{-5y-3}{y-1} \quad \therefore f^{-1}(x) = \frac{-5x-3}{x-1}$

$f^{-1}(x)$ সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি $x-1 \neq 0$ বা, $x \neq 1$ হয়।

\therefore ডোম f^{-1} = রেঞ্জ $F = \mathbb{R} - \{1\}$

কিন্তু কোডোমেন $F = \mathbb{R}$

\therefore রেঞ্জ \neq কোডোমেন

তাই ফাংশনটি সার্বিক ফাংশন নয়। (যাচাই করা হলো)

গ. দেওয়া আছে, $P(x) = \frac{2x+4}{(x-1)(x^2+2)}$

ধরি, $\frac{2x+4}{(x-1)(x^2+2)} = \frac{A}{x-1} + \frac{Bx+C}{x^2+2} \dots \dots$ (i)

বা, $2x+4 \equiv A(x^2+2) + (Bx+C)(x-1) \dots \dots$ (ii)

$\therefore 2x+4 \equiv (A+B)x^2 + (C-B)x + 2A - C \dots \dots$ (iii)

(ii) নং এ $x=1$ বসিয়ে, $2+4=A(1+2)+0$

বা, $6=3A \quad \therefore A=2$

(iii) নং হতে, x^2, x ও ধ্রুবপদের সহগ সমীকৃত করে পাই, $A+B=0$

বা, $B=-A \quad \therefore B=-2$

আবার, $C-B=2$

বা, $C+2=2 \quad \therefore C=0$

A, B ও C এর মান (i) নং এ বসিয়ে পাই,

$\frac{2x+4}{(x-1)(x^2+2)} = \frac{2}{x-1} + \frac{-2x+0}{x^2+2}$

$= \frac{2}{x-1} - \frac{2x}{x^2+2};$ এটিই নির্ণেয় আংশিক ভগ্নাংশ। (Ans.)

প্রশ্ন ▶ ০২ $(2+ax)^7$ এর বিস্তৃতিতে x^3 এর সহগ 15120 এবং

$y = f(x) = \ln \frac{7+x}{7-x}$

ক. $\binom{n}{2} = \binom{n}{3}$ হলে, n এর মান নির্ণয় কর।

২

খ. a এর মান নির্ণয় কর।

৮

গ. $f(x)$ দ্বারা বর্গিত ফাংশনের ডোমেন ও রেঞ্জ নির্ণয় কর।

৮

২নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $\binom{n}{2} = \binom{n}{3}$

বা, $\frac{n!}{(n-2)! \times 2!} = \frac{n!}{(n-3)! \times 3!}$

বা, $\frac{n!}{(n-2) \times (n-3)! \times 2} = \frac{n!}{(n-3)! \times 6}$

বা, $\frac{1}{(n-2) \times 2} = \frac{1}{6}$

বা, $2n-4=6$

বা, $2n=10$

$\therefore n=5$ (Ans.)

খ. প্রদত্ত রাশি = $(2+ax)^7$

$(2+ax)^7$ এর বিস্তৃতিতে $(r+1)$ তম পদ = ${}^7C_r 2^{7-r} (ax)^r$

$= {}^7C_r 2^{7-r} \cdot a^r \cdot x^r$

x^3 সংবলিত পদের জন্য, $r=3$

প্রশ্নমতে, ${}^7C_3 \cdot 2^{7-3} \cdot a^3 = 15120$

বা, $560a^3 = 15120$

বা, $a^3 = 27 = 3^3$

$\therefore a=3$ (Ans.)

গ. ধরি, $y = f(x) = \ln \frac{7+x}{7-x}$

যেহেতু লগারিদম ফাংশন শুধুমাত্র ধনাত্মক বাস্তব সংখ্যার জন্য সংজ্ঞায়িত হয়।

$\therefore \frac{7+x}{7-x} > 0$ যদি (i) $7+x > 0$ এবং $7-x > 0$ হয়

অথবা (ii) $7+x < 0$ এবং $7-x < 0$ হয়।

(i) নং হতে পাই, $x > -7$ এবং $-x > -7 \quad \therefore x < 7$

∴ ডোমেন = $\{x : -7 < x\}$ এবং $\{x : x < 7\}$

$= (-7, \infty) \cap (-\infty, 7) = (-7, 7)$

(ii) নং হতে পাই, $x < -7$ এবং $x < -7 \quad \therefore x > 7$

∴ ডোমেন = $\{x : x > 7\} \cap \{x : x < -7\} = \emptyset$

∴ প্রদত্ত ফাংশনের ডোমেন

$D_f = (i) \text{ ও } (ii) \text{ এ প্রাপ্ত ডোমেনের সংযোগ} = (-7, 7) \cup \emptyset = (-7, 7)$ (Ans.)

রেঞ্জ নির্ণয় : ধরি, $y = f(x) = \ln \frac{7+x}{7-x}$

বা, $e^y = \frac{7+x}{7-x}$ বা, $7+x = 7e^y - xe^y$

বা, $x(1+e^y) = 7(e^y - 1)$

বা, $x = \frac{7(e^y - 1)}{e^y + 1}$

y এর সকল বাস্তব মানের জন্য x এর বাস্তব মান পাওয়া যায়।

∴ প্রদত্ত ফাংশনের রেঞ্জ, $R_f = \mathbb{R}$. (Ans.)

প্রশ্ন ▶ ০৩ (i) একটি অনন্ত গুগোত্তর ধারার ১ম দুই পদের সমষ্টি $\frac{3}{2}$ এবং

অসীমতক সমষ্টি 2।


(ii) $4 + 44 + 444 + \dots \dots$ একটি ধারা।

ক. অনন্ত গুগোত্তর ধারার সূত্র প্রয়োগ করে 0.12 কে মূলদীয় ভগ্নাংশে প্রকাশ কর।

খ. (i) নং এ বর্ণিত অনন্ত গুগোত্তর ধারাটির সাধারণ অনুপাত নির্ণয় কর।

গ. (ii) নং ধারাটির ১ম n পদের সমষ্টি নির্ণয় কর।

খ বিশেষ নির্বচন : ABCD বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত বাহুগুলো যথাক্রমে AB ও DC এবং AD ও BC। AC ও BD চতুর্ভুজটির দুটি কর্ণ। প্রমাণ করতে হবে যে, $AC \cdot BD = AB \cdot CD + BC \cdot AD$ ।
অঙ্কন : $\angle BAC < \angle DAC$ বলে A বিন্দুতে AD রেখাংশের সাথে $\angle BAC$ এর সমান $\angle DAE$ আঁকি যেন AE রেখাংশ BD কর্ণকে E বিন্দুতে ছেদ করে।



প্রমাণ : অঙ্কন অনুসারে, $\angle BAC = \angle DAE$

বা, $\angle BAC + \angle EAC = \angle DAE + \angle EAC$

$\therefore \angle BAE = \angle DAC$

এখন, $\triangle ABE$ ও $\triangle ADC$ এর মধ্যে $\angle BAE = \angle DAC$

$\angle ABE = \angle ACD$ [একই চাপের উপর বৃত্তস্থ কোণ সমান বলে]

এবং অবশিষ্ট $\angle AEB = \text{অবশিষ্ট } \angle ADC$

$\therefore \triangle ABE$ ও $\triangle ADC$ সদৃশকোণী।

$$\therefore \frac{BE}{CD} = \frac{AB}{AC}$$

অর্থাৎ, $AC \cdot BE = AB \cdot CD \dots \dots$ (i)

আবার, $\triangle ABC$ ও $\triangle AED$ এর মধ্যে,

$\angle BAC = \angle DAE$ [অঙ্কন অনুসারে]

$\angle ACB = \angle ADE$ [একই চাপের উপর বৃত্তস্থ কোণ সমান বলে]

এবং অবশিষ্ট $\angle ABC = \text{অবশিষ্ট } \angle AED$

$\therefore \triangle ABC$ ও $\triangle AED$ সদৃশকোণী।

$$\therefore \frac{AC}{AD} = \frac{BC}{DE}$$

অর্থাৎ, $AC \cdot DE = BC \cdot AD \dots \dots$ (ii)

(i) ও (ii) নং সমীকরণ যোগ করে পাই,

$$AC \cdot BE + AC \cdot DE = AB \cdot CD + BC \cdot AD$$

বা, $AC(BE + DE) = AB \cdot CD + BC \cdot AD$

$\therefore AC \cdot BD = AB \cdot CD + BC \cdot AD$ [$\because BE + DE = BD$] (প্রমাণিত)

ক এখানে, $0.12 = 0.12121212 \dots \dots$

$$= 0.12 + 0.0012 + 0.000012 + \dots \dots$$

এই অসীম গুগোত্তর ধারাটির প্রথম পদ, $a = 0.12$ এবং

$$\text{সাধারণ অনুপাত } r = \frac{0.0012}{0.12} = 0.01$$

$$\therefore 0.12 = \frac{a}{1-r} = \frac{0.12}{1-(0.01)} = \frac{0.12}{0.99} = \frac{4}{33} \text{ (Ans.)}$$

খ ধরি, অসীম গুগোত্তর ধারাটি হলো, $a + ar + ar^2 + \dots \dots$

$$\therefore \text{ধারাটির অসীমতক সমষ্টি}, S_{\infty} = \frac{a}{1-r}$$

$$\text{প্রশ্নমতে}, a + ar = \frac{3}{2} \quad \therefore a(1+r) = \frac{3}{2} \dots \dots \text{(i)}$$

$$\text{আবার}, \frac{a}{1-r} = 2 \dots \dots \text{(ii)}$$

$$(ii) \text{ নং কে (i) দ্বারা ভাগ করে পাই}, \frac{a}{1-r} \times \frac{1}{a(1+r)} = 2 \times \frac{2}{3} = \frac{4}{3}$$

$$\text{বা}, 1 - r^2 = \frac{3}{4}$$

$$\text{বা}, r^2 = 1 - \frac{3}{4} = \frac{4-3}{4} = \frac{1}{4} \quad \therefore r = \pm \frac{1}{2}$$

$$\text{অর্থাৎ, গুগোত্তর ধারাটির সাধারণ অনুপাত, } r = \pm \frac{1}{2} \text{ (Ans.)}$$

গ দেওয়া আছে, $A = 4 + 44 + 444 + \dots \dots$

$$= 4(1 + 11 + 111 + \dots \dots + n \text{ তম পদ})$$

$$= \frac{4}{9}(9 + 99 + 999 + \dots \dots + n \text{ তম পদ})$$

$$= \frac{4}{9} \{ (10 - 1) + (100 - 1) + (1000 - 1) + \dots \dots + n \text{ তম পদ} \}$$

$$= \frac{4}{9} \{ (10 + 100 + 1000 + \dots \dots + n \text{ তম পদ}) - (1 + 1 + 1 + \dots \dots + n \text{ তম পদ}) \}$$

$$= \frac{4}{9} \left\{ 10 \left(\frac{10^n - 1}{10 - 1} \right) - n \right\} = \frac{40}{81} (10^n - 1) - \frac{4}{9} n$$

$$\therefore A \text{ ধারাটির প্রথম } n \text{ সংখ্যক পদের সমষ্টি}, S_n = \frac{40}{81} (10^n - 1) - \frac{4}{9} n \text{ (Ans.)}$$

প্রশ্ন ▶ ০৮ ABCD চতুর্ভুজটি বৃত্তে অন্তর্লিখিত যার AC ও BD দুটি কর্ণ এবং $\angle BAC < \angle DAC$.


ক. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 3 সে.মি. হলে ত্রিভুজটির মধ্যমাসমূহের বর্গের সমষ্টি নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে, $AC \cdot BD = AB \cdot CD + BC \cdot AD$.

গ. যদি AB উক্ত বৃত্তের ব্যাস হয় এবং AC ও BD জ্যাদ্য পরস্পর P বিন্দুতে ছেদ করে তবে প্রমাণ কর যে,

$$AB^2 = AC \cdot AP + BD \cdot BP.$$

গ



বিশেষ নির্বচন : দেওয়া আছে, AB ব্যাসের ওপর ABCD একটি অর্ধবৃত্ত। AC ও BD জ্যাদ্য পরস্পর P বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে, $AB^2 = AC \cdot AP + BD \cdot BP$ ।

অঙ্কন : A, D; B, C ও C, D যোগ করি।

প্রমাণ : $\triangle CPD$ ও $\triangle APB$ -এ

$\angle PDC = \angle PAB$ [একই চাপ BC-এর ওপর অবস্থিত]

এবং $\angle DPC = \angle APB$ [বিপ্রতীপ কোণ বলে]

অবশিষ্ট $\angle PCD = \text{অবশিষ্ট } \angle PBA$

$\therefore \triangle CPD$ ও $\triangle APB$ সদৃশ।

$$\therefore \frac{AP}{DP} = \frac{BP}{CP}$$

বা, $AP \cdot CP = BP \cdot DP$

বা, $AP \cdot CP + AP^2 = BP \cdot DP + AP^2$ [উভয়পক্ষে AP^2 যোগ করে]

বা, $AP(CP + AP) = BP(DP + DP^2 + AD^2)$

[AB ব্যাস বলে $\angle ADP = \angle ADB = 90^\circ$; $\therefore AP^2 = AD^2 + DP^2$]

এবং $AB^2 = AD^2 + BD^2$

বা, $AP \cdot AC = BP \cdot DP + DP^2 + AB^2 - BD^2$

বা, $AP \cdot AC = DP(BP + DP) + AB^2 - BD^2$

বা, $AP \cdot AC = DP \cdot BD + AB^2 - BD^2$

বা, $AP \cdot AC = -BD(BD - DP) + AB^2$

$\therefore AB^2 = AC \cdot AP + BD \cdot BP$ (প্রমাণিত)

ক দেওয়া আছে, একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ = 3 সেমি

: ত্রিভুজটির মধ্যমাসমূহের বর্গের সমষ্টি = $\frac{3}{2} \times (\text{অতিভুজ})^2$

$$= \frac{3}{2} \times 3^2 \text{ বর্গ সেমি}$$

$$= \frac{27}{2} \text{ বর্গ সেমি (Ans.)}$$

প্রশ্ন ▶ ০৫ (i) $P(2, -3)$, $Q(7, -3)$ এবং $R(2, 3)$ একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু।

(ii) $x + 3y = 13$, $x + y = 3$, $x + y = 5$ এবং $y = 3$ চারটি সরলরেখার সমীকরণ।

ক. P ও Q বিন্দুগামী রেখার ঢাল নির্ণয় কর। ২

খ. দেখাও যে, PQR একটি সমকোণী ত্রিভুজ। ৪

গ. (ii) নং এর সমীকরণ চারটি দ্বারা গঠিত চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৮

৫৩. প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

P বিন্দুর স্থানাঙ্ক $(2, -3)$

এবং Q বিন্দুর স্থানাঙ্ক $(7, -3)$

$$\therefore P \text{ ও } Q \text{ বিন্দুগামী রেখার ঢাল} = \frac{-3+3}{7-2} = 0 \text{ (Ans.)}$$

খ দেওয়া আছে,

$P(2, -3)$, $Q(7, -3)$ এবং $R(2, 3)$ একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু।

$$\therefore PQ \text{ এর দৈর্ঘ্য} = \sqrt{(7-2)^2 + (-3+3)^2} = 5 \text{ একক}$$

$$\therefore QR \text{ এর দৈর্ঘ্য} = \sqrt{(7-2)^2 + (-3-3)^2} = \sqrt{61} \text{ একক}$$

$$\therefore PR \text{ এর দৈর্ঘ্য} = \sqrt{(2-2)^2 + (-3-3)^2} = 6 \text{ একক}$$

$$\text{এখন, } PQ^2 + PR^2 = 5^2 + 6^2 = 61 = (\sqrt{61})^2 = QR^2$$

$\therefore PQ^2 + PR^2 = QR^2$ অর্থাৎ, ত্রিভুজটি পিথাগোরাসের সূত্রকে মেনে চলে। তাই, PQR একটি সমকোণী ত্রিভুজ। (দেখানো হলো)

গ দেওয়া আছে,

চারটি সরলরেখার সমীকরণ, $x + 3y = 13 \dots \dots \text{(i)}$

$$x + y = 3 \dots \dots \text{(ii)}$$

$$x + y = 5 \dots \dots \text{(iii)}$$


$$y = 3 \dots \dots \text{(iv)}$$

(iv) এর মান (ii) ও (iii) নং এ বসিয়ে পাই,

$$x + 3 = 3 \quad | \quad x + 3 = 5$$

$$\therefore x = 0 \quad | \quad \therefore x = 2$$

A বিন্দুর স্থানাঙ্ক $(0, 3)$ এবং B বিন্দুর স্থানাঙ্ক $(2, 3)$



আবার,

(i) নং হতে (ii) নং বিয়োগ করে, $2y = 10 \therefore y = 5$

y এর মান (ii) নং এ বসিয়ে, $5 + x = 3 \therefore x = -2$

$\therefore D$ বিন্দুর স্থানাঙ্ক $(-2, 5)$

(ii) হতে (iii) নং বিয়োগ করে পাই, $2y = 8$

$$\therefore y = 4$$

y এর মান (iii) নং এ বসিয়ে, $x + 4 = 5$

$$\therefore x = 1$$

$\therefore C$ বিন্দুর স্থানাঙ্ক $(1, 4)$

এখন, সরলরেখা চারটি দ্বারা গঠিত চতুর্ভুজ ABCD এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} -2 & 0 & 2 & 1 & -2 \\ 5 & 3 & 3 & 4 & 5 \end{vmatrix} \text{ বর্গএকক}$$

$$= \frac{1}{2} (-6 + 8 + 5 - 6 - 3 + 8) \text{ বর্গএকক}$$

$$= \frac{1}{2} \times 6 \text{ বর্গ একক}$$

$$= 3 \text{ বর্গএকক (Ans.)}$$

প্রশ্ন ▶ ০৬ ABCD চতুর্ভুজের A, B, C ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(4, 4)$, $(-4, 2)$, $(-2, -6)$ ও $(6, -4)$ । AB, BC, CD ও AD বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R ও S।

ক. AB রেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. ABCD চতুর্ভুজটির প্রকৃতি নির্ণয় কর। ৪

গ. ত্বেষ্টেরের সাহায্যে প্রমাণ কর যে, PQRS একটি সামান্তরিক। ৮

৬৩. প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, A ও B বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(4, 4)$ ও $(-4, 2)$

$$\therefore AB \text{ রেখার সমীকরণ}, \frac{x-4}{4+4} = \frac{y-4}{4-2}$$

$$\text{বা, } \frac{x-4}{8} = \frac{y-4}{2}$$

$$\text{বা, } x-4 = 4y-16$$

$$\therefore x-4y+12=0 \text{ (Ans.)}$$

খ দেওয়া আছে,

ABCD চতুর্ভুজের A, B, C ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(4, 4)$,

$(-4, 2)$, $(-2, -6)$ ও $(6, -4)$

$$\therefore AB \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(4+4)^2 + (4-2)^2} = 2\sqrt{17} \text{ একক}$$

$$BC \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-4+2)^2 + (2+6)^2} = 2\sqrt{17} \text{ একক}$$

$$CD \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(-2-6)^2 + (-6+4)^2} = 2\sqrt{17} \text{ একক}$$

$$DA \text{ বাহুর দৈর্ঘ্য} = \sqrt{(6-4)^2 + (-4-4)^2} = 2\sqrt{17} \text{ একক}$$

অর্থাৎ, চতুর্ভুজটির চারটি বাহুর দৈর্ঘ্য সমান বলে চতুর্ভুজটি হয় বর্গ না হয় রম্পস।

$$AC \text{ কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{(4+2)^2 + (4+6)^2} = \sqrt{36+100} = 2\sqrt{34} \text{ একক}$$

$$BD \text{ কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{(-4-6)^2 + (2+4)^2} = \sqrt{100+36} = 2\sqrt{34} \text{ একক}$$

অর্থাৎ, চতুর্ভুজটির কর্ণদ্বয় পরস্পর সমান।

$\therefore ABCD$ চতুর্ভুজটি একটি বর্গ। (Ans.)

গ মনে করি, ABCD চতুর্ভুজের বাহুগুলোর মধ্যবিন্দু P, Q, R, S।


P ও Q, Q ও R, R ও S, S ও P মোগ করি। প্রমাণ করতে হবে যে, PQRS একটি সামান্তরিক।

প্রমাণ : মনে করি, $\overrightarrow{AB} = \underline{a}$, $\overrightarrow{BC} = \underline{b}$,

